## এবার পূজায়

ট্রানজিষ্টার রেডিওর বিস্ময়কর

মূল্য পরিবর্তন

| | |
|---|---|
| ১ ব্যাণ্ড পোর্টেবল মিডিয়াম | ১১০ : ০০ |
| ২ ব্যাণ্ড „ অলওয়েভ | ১৬৫ : ০০ |

নগদ অথবা কিস্তিতে পাওয়া যায়।

বিঃ দ্রঃ—যে কোন পুরাতন এক ব্যাণ্ড রেডিও অভিজ্ঞ কারিগর দ্বারা দুই অথবা তিন ব্যাণ্ডে পরিবর্তিত করা হয়।

ধনরাজ ব্রাদার্স এণ্ড কোং

মুরারই বীরভূম

শাখা—রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ পশ্চিমবঙ্গ



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৫৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৪ই কার্ত্তিক বুধবার, ১৩৭৪ ইং 1st Nov. 1967 { ২৫শ সংখ্যা।





সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



### খাস জনতা

কেরোসিন কুকার

প্রস্তুতকারক:

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

## খেলা ঘর

স্কুল কলেজের নানাপ্রকার খেলাধুলার সরঞ্জাম, সর্ব্বপ্রকার প্রসাধন সামগ্রী ও চা বিস্কুট পাইবেন। পরীক্ষা প্রার্থনীয়।

কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর

রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ

স্টুডেন্টস ফেভারিট

স্কুল, কলেজ ও পাঠাগারের মনের মত ভাল বই সবচেয়ে সুবিধায় কিনুন।

STUDENTS' FAVOURITE

Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

১৪ই কার্ত্তিক বুধবার সন ১৩৭৪ সাল।

# রোগীর উপর লেভি

--০—

সংবাদে প্রকাশ, পশ্চিমবঙ্গের স্বাস্থ্যমন্ত্রী হাসপাতালের রোগীদের উপর ২৫ পয়সা করিয়া লেভি ধার্য করার বিষয় চিন্তা করিতেছেন। ইহাতে যে রাজ্যের স্বাস্থ্যদপ্তরে বেশ কিছু অর্থাগম হইবে এ বিষয়ে কোন সন্দেহ নাই।

আর্থিক অনটনের জন্য রাজ্য সরকারের বাজেট হ্রাস করা হইতেছে। জমার ঘরে কমতি থাকায় আশানুরূপ ব্যয় বরাদ্দ করা সম্ভব নয়। তাই বাজেটের নয়া ব্যবস্থা। সরকারের বিভিন্ন দপ্তরে ব্যয় বরাদ্দ হ্রাস করা আবশ্যক হইয়া পড়িয়াছে। স্বাস্থ্যদপ্তর এইরূপ খরচ কমানর একটি অংশীদার। এমতাবস্থায় স্বাস্থ্যমন্ত্রীর পরিকল্পনাটি নিঃসন্দেহে গুরুত্ব বহন করিতেছে।

হাসপাতালসমূহে প্রতিদিন যত রোগীর আগমন ঘটে, তাহাতে সঠিক বলা না গেলেও এই লেভির ফলে মোটা রকমের আয় হইবার সম্ভাবনা রহিয়াছে। রোগীদেরও ২৫ পয়সা করিয়া দিতে অসুবিধা হইবার কথা নয়। অথচ বাজেটে টাকা কাটিয়া লওয়ার ফলে অন্যান্য দপ্তর হয়ত প্রবল অসুবিধার সম্মুখীন হইবে যাহার ফলে উহাদের উন্নয়নমূলক পরিকল্পনা-সমূহ হয়ত বাতিল করা হইতে পারে, সেক্ষেত্রে স্বাস্থ্যদপ্তর বেকায়দায় পড়িলেও খানিকটা টাল সামলাইতে পারিবে। সুতরাং রোগীর উপর লেভির ব্যবস্থা অভিনন্দনযোগ্য।

কি ছোট, কি বড়, অধিকাংশ হাসপাতাল সম্বন্ধে নানা অভিযোগ মাঝে মাঝে শুনা যায়। হাসপাতাল পরিচালনার ত্রুটির জন্যই যে এই সকল অভিযোগ—তাহা অনস্বীকার্য। রোগীদের প্রতি সময়োচিত দৃষ্টি না দেওয়ার জন্য কত পরিবারে শোকের ছায়া নামিয়া আসে। এই সকল বিপত্তি হইতে হাসপাতাল-গুলিকে মুক্ত হইতে হইবে।

প্রস্তাবিত লেভি সম্পর্কে কিছু বলা এই প্রসঙ্গে প্রয়োজন। হাসপাতালের বহির্বিভাগে (আউট-ডোরে) যে সমস্ত রোগী প্রতিদিন ভীড় করেন, তাঁহারা কোনদিনই বিত্তসম্পদে ভাগ্যবান্ নহেন। একই রোগের জন্য কোন রোগীকে যদি প্রতিদিনই ২৫ পয়সা দিতে হয় তবে অসুবিধা হওয়ার কথা। আমরা মনে করি, একই রোগী বিভিন্ন রোগের জন্য যতবার হাসপাতালে আসিবেন, ততবারই তিনি এই ২৫ পয়সা লেভি দিবেন। সুতরাং লেভি রোগের উপর। আর এই লেভির দরুণে যাহা পাওয়া যাইবে, তাহা যদি উন্নয়নমূলক কাজে ব্যয়িত হয়, তবে তাহা ধার্য হওয়া সার্থক। স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে এই দিকে দৃষ্টি দিতে অনুরোধ করি।

রাজ্যের স্বাস্থ্যদপ্তর মানুষের জীবনমরণ সম্পর্ক-যুক্ত। মৃত্যুকে কেহ কোনদিনই অস্বীকার করিতে পারে না। রোগে ভুগিয়া যে মৃত্যু হয়, তাহাতে মৃত্যুজনিত শোকের নেপথ্যে চিকিৎসা করান হইয়াছিল—এই সান্ত্বনা থাকে। কিন্তু চিকিৎসায় ত্রুটিবিচ্যুতি থাকিলে সত্যই ক্ষোভের কারণ থাকিয়া যায়। হাসপাতালের বহির্বিভাগের রোগীদের প্রতি উপযুক্ত নজর দেওয়া বা রোগ নির্ণয় সম্পর্কে যথেষ্ট সময় দেওয়া সম্ভব হয় না। ইহার কারণ রোগীর সংখ্যার অনুপাতে চিকিৎসকের স্বল্পতা। অধিকাংশ ক্ষেত্রেই বহির্বিভাগের রোগীরা ভগবানের ভরসায় সারেন। হাসপাতালকে এই কলঙ্কের হাত হইতে মুক্ত করা প্রয়োজন। হাসপাতালের বহির্বিভাগে যথেষ্ট সংখ্যক চিকিৎসক নিয়োগ করা একান্তই দরকার। স্বাস্থ্যমন্ত্রী মহাশয় দরিদ্র রোগীদের সুচিকিৎসার বিষয়টি মনে রাখিলে এই লেভি সত্যই জনগণের অকুণ্ঠ সমর্থন লাভ করিবে।

—

## ব্যবচ্ছেদাগারের বিষাক্ত শবদেহ

—০—

গত ৩০শে অক্টোবর সোমবার জঙ্গিপুর শব-ব্যবচ্ছেদাগারের বিষাক্ত শবদেহ ভারপ্রাপ্ত চিকিৎসক ডোমদিগকে সৎকারের জন্য ছাড়িয়া দেন। ডোমেরা শবদেহ দাহ না করিয়া রঘুনাথগঞ্জ শ্মশান ঘাটে ফেলিয়া দেয়। ঐ শবদেহের মাংস খাইয়া দশ এগারটি কুকুর শিয়াল বিষের জ্বালায় ভাগীরথী নদীর জলে পড়িয়া মারা গিয়াছে। বিষাক্ত শবদেহ ডোমদের হাতে দেওয়া সমীচীন হইয়াছে কি না তাহা বিভাগীয় উর্দ্ধতন কর্তৃপক্ষ বিচার করুন।

—

## প্রদীপের নীচে অন্ধকার

—০—

জঙ্গিপুর মিউনিসিপ্যাল অফিসের অনতিদূরে রঘুনাথগঞ্জ হরিসভার উত্তর পার্শ্বের রাস্তার উপর একটী অনাবৃত ড্রেন আছে। শ্রীশ্রী৺রী কালীপূজার রাত্রে বহু নরনারী, বালকবালিকা উক্ত রাস্তা দিয়া চলাচল করিবার সময় ড্রেনের গর্ত্তে পা পড়িয়া অল্পবিস্তর জখম হইয়াছেন। মিউনিসিপ্যালিটীর ভারপ্রাপ্ত ওভারসিয়ার বাবু উক্ত রাস্তায় দৃষ্টি নিক্ষেপ করিলেই বুঝিতে পারিবেন।

—

## যাত্রাভিনয়

—০—

গত ২রা ও ৩রা কার্ত্তিক রঘুনাথগঞ্জ বাজার-পাড়ার ব্যবসায়ী-মহলের উদ্যোগে শ্রীজিতেন্দ্রপ্রসাদ ধর মহাশয়ের পরিচালনায় 'রাজা লক্ষ্মণসেন' ও 'পৃথ্বীরাজ' অভিনীত হইয়াছে। অভিনয় দেখিবার ও শুনিবার জন্য শহর ও পল্লীগ্রামের বহু লোকের সমাবেশ হইয়াছিল। অভিনয়ে অংশ গ্রহণ করেছিলেন—সর্ব্বশ্রী জিতেন্দ্রপ্রসাদ ধর, জনার্দ্দন দাস, মদন দত্ত, সীতেশ দত্ত, বাঁশরী দত্ত, কুমারী রেণুকা দত্ত, ক্ষিতীশ দত্ত, কুবের ঘোষ, জ্ঞানেন্দ্র প্রামাণিক, দিলীপ সিংহ, মাণিক দাস, সুবোধ দাস, বলাই হালদার, পরেশ হালদার, নিতাই হালদার, শঙ্কর কর্ম্মকার ও আরও অনেকে।

—

## দুই গাড়ী চোরাই গম জনসাধারণ কর্ত্তৃক আটক

## ফুড-ইন্সপেক্টর গ্রেপ্তার

লালগোলার খাদ্য ও ত্রাণ কমিটির সম্পাদক শ্রীশান্তি সরকার অন্যান্য কয়েক জনের চেষ্টায় দুই গাড়ী সরকারী গম ধরা পড়িয়াছে। মোট বারো বস্তায় ১০'৩০ কুইন্টল গম লালগোলা থানায় নিয়ে যাওয়া হয়। এই গম বালুচরের জনৈক রেশন ডিলারের কাছে পাঠানো হচ্ছিল। গাড়োয়ানরা পুলিশের কাছে বলে যে গমের বস্তাগুলি লালগোলা সরকারী গুদামের ইন্সপেক্টর তাদের দিয়েছে। পুলিশ গম আটক করে এবং গাড়োয়ান ২ জনকে গ্রেপ্তার করে। সরকারী গুদামের ইন্সপেক্টর শ্রীসুধীরকুমার বসুকে গ্রেপ্তার করা হয়েছে ও পরে ব্যক্তিগত জামিনে খালাস দেওয়া হয়েছে। সরকারী গুদামে ৪০ কুইন্টল গম বাড়তি ধরা পড়েছে। ৩০শে সেপ্টেম্বর যে হিসেব নেওয়া হয় তাতে ১২ কুইন্টল গম ঘাটতি দেখা যায়। কিন্তু ১১ দিন পরে গম বাড়তি দেখা যায়। অথচ এর মধ্যে লালগোলা গুদামে কোন গমের ওয়াগন খালাস হয়নি। তদন্ত চলছে। 'মুর্শিদাবাদ সমাচার'

---

## কালীপুজোর রাত্রে কলকাতায় শতাধিক অগ্নিকাণ্ড

কালীপুজোর দিন রাত্রি একটা পর্য্যন্ত কলকাতায় প্রায় দশটি পূজামণ্ডপসমেত একশতেরও বেশী জায়গায় আগুন লাগে। আগুনে ও বাজিতে আহত হন কম করেও ৫০ জন। তাঁদের ১১ জনকে বিভিন্ন হাসপাতালে ভর্ত্তি করা হয়। উচ্ছৃঙ্খল আচরণ, জুয়া খেলা এবং বেআইনী বাজি বিক্রির অভিযোগে পুলিশ মোট ৩৮ জনকে গ্রেপ্তার করে। সাড়ে আট কেজি বাজি উদ্ধার করা হয়। এদিন ঘন ঘন ডাক সামলাতে দমকল বাহিনী হিমসিম খান। তাঁদের এক মুখপাত্র জানান, সন্ধ্যার দিকে অবস্থা এমন পর্য্যায়ে পৌছে যে, আগুন নেভানোর ডাকে সাড়া দেবার মত কোন ইঞ্জিন তখন ছিল না। এদিন তাঁদের শতাধিক ইঞ্জিন কাজ করে। ডিউটিতে ছিলেন একশতের বেশী অফিসার। পূজামণ্ডপ ছাড়া বাড়ী-ঘর, গাছ, খড়ের গাদার আগুন নেভাতেও তাঁদের ছুটতে হয়। অধিকাংশ আগুনই লাগে—বাজি থেকে। ডিকসন লেন, লেক অ্যাভেনিউ, নন্দন রোড, গোবিন্দ বসু লেন, গণেশ এভেনিউ, পূর্ণ দাশ রোড, রমেশ মিত্র রোড প্রভৃতির আগুন উল্লেখযোগ্য।

---

## Notice

এতদ্দারা মির্জাপুর রেশম বয়ন শিল্পী সমবায় সমিতি লিমিটেডের সভ্য, অংশীদার, পাওনাদার, দেনাদার ও পৃষ্ঠপোষক মহাশয়গণকে জানান যাইতেছে যে আমি এই সমিতির ১৯৬৬-৬৭ সনের বাৎসরিক অডিট কার্য্য আরম্ভ করিয়াছি। তাঁহাদিগকে অনুরোধ করা যাইতেছে যে তাঁহারা আগামী ২০-১১-৬৭ তারিখের মধ্যে সমিতির হিসাবের সঙ্গে নিজ নিজ হিসাব মিলাইয়া লইবেন। হিসাবে কোনও গরমিল থাকিলে তাহা আমাকে নিম্নলিখিত ঠিকানায় জানাইবেন। অন্যথায় সমিতির হিসাব সঠিক বলিয়া গণ্য করা হইবে।

উল্লেখ থাকে যে এই সম্পর্কে পৃথক কোন Verification slip দেওয়া হইবে না। ইতি—৩০-১০-৬৭

শ্রীমণীন্দ্রকুমার চক্রবর্ত্তী,
Audit Officer
P. O. Katwa
Pabna Colony
Dt. Burdwan.

---

## সরকারী বিজ্ঞপ্তি

জেলা শাসকের পক্ষে ভারপ্রাপ্ত ম্যাজিষ্ট্রেট, আগ্নেয়াস্ত্র বিভাগ, বহরমপুর মুর্শিদাবাদ, জানাইতেছেন যে, আগামী ইং ১৯৬৭ সালের ২০এ নভেম্বর তারিখে বেলা ১১ ঘটিকার সময় বহরমপুর কোর্ট মালখানার বাজেয়াপ্ত বন্দুক প্রভৃতি প্রকাশ্য নিলামে বহরমপুর শ্রীএন, জি, সরকার, ডেপুটি ম্যাজিষ্ট্রেটের আদালত গৃহে বিক্রয় করা হইবে।

---

## বিজ্ঞাপন

জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালতের ৩৬৪/৬৩ অন্য মোকর্দ্দমায় বাদী হাজী হাসিমুদ্দিন সেখ দিং বিবাদী আমাতুন সুফিয়া দিং মোকর্দ্দমায় বিবাদী ৩৬নং সৈয়দ জামাল কাদের ৩৭নং সৈয়দা হেফাতুন নেশা স্বামী মহম্মদ আজিম ৩৮নং সৈয়দা জৈবন নেশা স্বামী মহম্মদ আলিম কাদের সাং ডুমুরগ্রাম পোঃ ও থানা মুরারই জেলা বীরভূম ৫৫নং সখিনা খাতুন বিবি স্বামী মৃত গোলাম কিবরিয়া সাং ও থানা ভরতপুর ৬০নং সুধারাণী সিংহ স্বামী নারায়ণচন্দ্র সিংহ পোঃ ও সাং গোবিন্দধাম জেলা বাঁকুড়া ৬১নং নিভারাণী সিংহ স্বামী সুরেন্দ্রনাথ সিংহ সাং নশীপুর জেলা হুগলী ৬৩নং অমিয়কুমার সিংহ নাবালক পক্ষে অলি পিতা রাসবিহারী সিংহ সাং হাইবিলুটী পোঃ চাকনগ্রাম জেলা বীরভূম ৮৯নং সহস্রাংশুকান্ত আচার্য্য ৯০নং শত্রুঘ্নকান্ত আচার্য্য নাবালক পক্ষে অলি মাতা ও স্বয়ং রেবা আচার্য্য স্বামী মৃত সিতাংশুকুমার আচার্য্য সাং ২৭নং রো-ল্যাণ্ড রোড কলিকাতা—৭ অন্যান্য ৯১ জনের বিরুদ্ধে জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালতে উপরোক্ত নং মোকর্দ্দমা আনয়ন করিয়া থানা সুতীর অধীন থাক নারায়ণপুর মৌজা রতনপুর সেটেলমেণ্টে মৌজা নারায়ণপুর ১০নং দাগের সম্পত্তি ৫০৬১৮৵০ ছটাক ইংরাজী মাপে ১৬৮১ শতক জমি ৫০৬/৬ টাকা জমায় বাদীগণ বন্দোবস্ত লইয়া তাহা বরাবর দখল ভোগ করিয়া আসিতেছেন এবং বর্ত্তমান রিভিসন্যাল সেটেলমেণ্টে তাহা ভ্রমাত্মকভাবে রেকর্ড হইয়াছে। এবং তাহা বাদীগণের উপর আদৌ বাধ্যকর না হওয়া গণ্যে বিবাদীগণ যাহাতে কস্মিনকালেও বাদীগণকে জোরপূর্ব্বক বেদখল করিতে না পারেন বা তাহাদের শান্তিপূর্ণ দখলে কোন বাধা দিতে না পারেন তদ্দাবত মোকর্দ্দমা দায়ের করিয়াছেন। তাহাতে আপনাদের বা সর্ব্বসাধারণের কোন জবাব থাকিলে আগামী ১৮-১১-৬৭ তারিখে জনৈক উকিল দ্বারা অত্র আদালতে দাখিল করিবেন।

By Order of the Court
Sd/- B. B. Ghosh,
Sheristadar,
Munsif's Court, Jangipur




**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ

**সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,**
**জবাকুসুম হাউস, কলিকাতা-১২**

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

---

সব রকমের মোটর গাড়ীর স্পেয়ার পার্টস পেতে হলে একবার জঙ্গীপুর রোডে বার্মা শেল পেট্রোল পাম্প সন্নিকটবর্তী

## চৌধুরী মোটরস্-এ

আসুন।

---

দাঁত তোলানোর ও বাঁধানোর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## ডেণ্টাল ক্লিনিক

ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেণ্টাল সার্জ্জেন

পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ৩·০০ তিন টাকা অগ্রিম দেয়, প্রতি সংখ্যা দশ পয়সা

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ পয়সা। প্রতিবার প্রতি সেণ্টিমিটার ১·০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ